

# হলদিয়ায় জৈব প্রযুক্তির ভূমিকা বিষয়ে সেমিনার

দিন দর্পণ, হলদিয়া: বর্তমান সময়ে জৈব প্রযুক্তির ভূমিকা সম্পর্কে দুদিনের আন্তর্জাতিক আলোচনা সভা অনুষ্ঠিত হল হলদিয়া ইনস্টিটিউট অফ টেকনোলজির বায়োটেকনোলজি ডিপার্টমেন্ট। ইনস্টিটিউটের সত্যেন্দ্রনাথ বোস অভিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হলদিয়া ইনস্টিটিউট অফ টেকনোলজির চেয়ারম্যান ড. লক্ষণচন্দ্র শেঠ, অধ্যক্ষ ড. সুরত মন্ডল, আই ওসি হলদিয়া রিফাইনারির সিনিয়র কেয়ালিটি কন্ট্রোল ম্যানেজার অনুপম আশ, কলকাতা বোস ইনস্টিটিউটের মলিকুলার মেডিসিন বিভাগের অধ্যাপক অতীন কুমার মন্ডল, কল্যাণীর ন্যাশনাল ইনস্টিটিউট অফ বায়োমেডিকেল জিনোমিক্স এর অধ্যাপক ভাস্বতী পন্ডিত, কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিক্যাল বায়োলজি বিভাগের মুখ্য বিজ্ঞানী অধ্যাপক কৃষ্ণানন্দ চট্টোপাধ্যায়,



ইন্ডিয়ান ফটো বায়োলজি সোসাইটির সভাপতি তথা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক নীতিন চট্টোপাধ্যায়। বোস ইনস্টিটিউটের মলিকুলার মেডিসিন বিভাগের অধ্যাপক অতীন কুমার মন্ডল জানান, কিভাবে সেকারন প্রোটিন ব্যবহার করে ক্যান্সার রোগের ড্রাগ তৈরি করা হচ্ছে। ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োমেডিকেল

জিনোমিক্সের অধ্যাপক ভাস্বতী পন্ডিত জানান, কিভাবে জিন ভ্যারিয়েশন ঘটিয়ে যক্ষ্মা রোগকে প্রতিরোধ করা হচ্ছে। সেই সঙ্গে তিনি জানান, জিন প্রযুক্তি ব্যবহার করে কিভাবে জেনেটিক রোগ প্রতিরোধ করা হচ্ছে, বিভিন্ন রোগ নির্ধারণ করা হচ্ছে, কানসারের মতো মারণবাক্সির চিকিৎসা সম্ভব হচ্ছে। এবং কৃষি ক্ষেত্রে জিন প্রযুক্তি ব্যবহার করে খাদ্যশস্য

উৎপাদনে সফল পাওয়া যাচ্ছে। তিনি জানান আগামী দিনে স্বাস্থ্যের সুরক্ষায় জৈব প্রযুক্তি আমাদের প্রধান ভরসা হয়ে উঠবে। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিকেল বায়োলজি বিভাগের মুখ্য বিজ্ঞানী প্রফেসর কৃষ্ণানন্দ চট্টোপাধ্যায় জানান, জৈব প্রযুক্তির কল্যাণে কেভিডের মতো অতিমারির আক্রমণ থেকে আমরা রক্ষা পেয়েছি। আই ওসি হলদিয়া রিফাইনারির সিনিয়র কেয়ালিটি কন্ট্রোল ম্যানেজার অনুপম আশ জানান, জৈব প্রযুক্তি ব্যবহার করে তাঁরা বায়োডিজেল তৈরি করছেন। বারানুনি এবং হরিয়ানাতে তাদের ইখানল প্ল্যান্ট গড়ে উঠছে জৈব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে। সেই সঙ্গে তিনি জানান অশটারনেটিভ জ্বালানির জন্য আগামী দিনে বায়োটেকনোলজিই ভবিষ্যৎ ও ভরসা। রিফাইনারির ওয়েস্ট ওয়াটার দূষণমুক্ত করতে এবং জিরো কার্বন নিঃস্বরণের ক্ষেত্রেও তাঁরা জৈব

প্রযুক্তির উপর নির্ভর করছেন। এই আই টির বায়োটেকনোলজির বিভাগীয় প্রধান ড. শুভ্রমা গুপ্ত জানান, জৈব প্রযুক্তি বিষয়ক এই জাতীয় সেমিনারে তাঁদের সঙ্গে সহযোগী হিসেবে রয়েছেন কলকাতার ইন্ডিয়ান কেমিকেল সোসাইটি এবং কলকাতার ইন্ডিয়ান ফটো বায়োলজি সোসাইটি। এই ন্যাশনাল সেমিনারের কনভেনার ড. কেয়া সাউ জানান, দ্বিতীয় দিনের আলোচনা সভায় অংশ নেবেন কগনিজেন্ট লাইফ সাইন্সের সিনিয়র প্রজেক্ট ম্যানেজার অভিজিৎ ঘোড়াই, বোস ইনস্টিটিউটের বায়ো কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক অত্রজ্যোতি ঘোষ, প্ল্যান্ট বায়োলজি বিভাগের অধ্যাপক অনুপমা ঘোষ, ইন্ডিয়ান ফটো বায়োলজি সোসাইটির সম্পাদক যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক চিত্তরঞ্জন সিনহা প্রমুখ।